



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

স্মারক নং-৮০.০০.০০০০.১০৩.১১.০০৭.২২(অংশ-১)-২০২

তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
৩১ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ


বিষয় : বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের “ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার” (১০ম গ্রেড) পদের ব্যবহারিক পরীক্ষার (Operator “Standard Aptitude Test”) কেন্দ্র, সময়সূচি ও নির্দেশাবলি।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের “ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার” (১০ম গ্রেড) পদের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ২১ জন প্রার্থীর ব্যবহারিক পরীক্ষা (Operator “Standard Aptitude Test”) নিম্নোক্ত কেন্দ্রে বর্ণিত তারিখ ও সময় অনুযায়ী অনুষ্ঠিত হবে :

পদের নাম, বিজ্ঞপ্তির তারিখ	ব্যবহারিক পরীক্ষা (Operator “Standard Aptitude Test”) এর তারিখ ও সময়	পরীক্ষার কেন্দ্র	রেজিস্ট্রেশন নম্বর ও প্রার্থীর সংখ্যা
ডাটা এন্ট্রি/ কন্ট্রোল সুপারভাইজার (১০ম গ্রেড) বিজ্ঞপ্তির ক্রমিক নং-৯৪ বিজ্ঞপ্তির তারিখ : ২৫.০৩.২০২৫	৩০/০৩/২০২৬ (সোমবার) সকাল-১০.০০ ঘটিকা	বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।	000003 000019 000032 000036 000037 000055 000084 000093 000135 000145 000148 000177 000199 000208 000233 000240 000257 000276 000281 200039 200052 = ২১ জন।

পরীক্ষা সম্পর্কিত গুরুত্বপূর্ণ নির্দেশাবলি

- প্রার্থীকে সকাল ৯.৩০ মিনিটের মধ্যে পরীক্ষার হলে উপস্থিত থাকতে হবে। কোনো প্রার্থী ব্যবহারিক পরীক্ষায় (Operator “Standard Aptitude Test”) অনুপস্থিত থাকলে তার প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।
- কোনো প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যেকোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে। ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ এবং যোগ্য আবেদনকারীগণের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। এ বিষয়ে পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।
- ব্যবহারিক পরীক্ষায় (Operator “Standard Aptitude Test”) উত্তীর্ণ প্রার্থীদের আবেদনপত্র, শিক্ষাগত যোগ্যতার সনদ ও অন্যান্য কাগজপত্র পরবর্তীতে গ্রহণ করা হবে। ব্যবহারিক পরীক্ষার (Operator “Standard Aptitude Test”) জন্য নতুন করে কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না। লিখিত পরীক্ষার প্রবেশপত্র, ব্যবহারিক পরীক্ষার প্রবেশপত্র হিসেবে ব্যবহৃত হবে। প্রবেশপত্র হারিয়ে গেলে/নষ্ট হলে কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট এবং টেলিটক বাংলাদেশ লিমিটেড এর <http://bpsc.teletalk.com.bd> ওয়েবসাইট থেকে প্রার্থীর প্রবেশপত্র ডাউনলোড করে সংগ্রহ করা যাবে। প্রবেশপত্র ব্যতীত প্রার্থীকে ব্যবহারিক পরীক্ষায় (Operator “Standard Aptitude Test”) অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না।
- এ বিজ্ঞপ্তি বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd এ পাওয়া যাবে।


(দিলোয়েজ দুরদানা)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)